# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০০১

১/ বিবিধ

আরবী

كان يركع قبل الجمعة أربعا، وبعدها أربعا لا يفصل بينهن
باطل

رواه الطبراني في " المعجم الكبير " (3/172/1) عن بقية بن الوليد، عن مبشر ابن عبيد عن الحجاج بن أرطاة عن عطية العوفي عن ابن عباس مرفوعا.
ورواه ابن ماجه في سننه (1/347) من هذا الوجه دون قوله: " وبعدها أربعا " وقال الزيلعي في " نصب الراية " (2/206) : سنده واه جدا، فمبشر بن عبيد معدود في الوضاعين، وحجاج وعطية ضعيفان. وقال البوصيري في " الزوائد " (ق 72/1) : هذا إسناد مسلسل بالضعفاء، عطية متفق على تضعيفه، وحجاج مدلس، ومبشر بن عبيد كذاب، وبقية بن الوليد يدلس تدليس التسوية، وصلاته صلى الله عليه وسلم بين الأذان والإقامة يوم الجمعة متعذر؛ لأنه كان بينهما الخطبة، فلا صلاة حينئذ بينهما، نعم بعد إحداث عثمان للأذان على الزوراء، يمكن أن يصلي سنة الجمعة قبل خروج الإمام للخطبة
قلت: ولكنه لم يرد إطلاقا أنه كان بين أذان عثمان والخطبة وقت لصلاة أربع ركعات سنة الجمعة المزعومة، ولا ورد أيضا أنهم كانوا يصلونها في عهده رضي الله عنه، فبطل الاحتمال المذكور، على أنه لوثبت وجود مثل هذا الوقت، لم يدل ذلك على جواز إحداث عبادة لم تكن في عهده صلى الله عليه وسلم، بخلاف إحداث عثمان للأذان، فإنه كان من باب المصالح المرسلة، كما حققت ذلك كله في رسالتنا الأجوبة

النافعة عن أسئلة لجنة مسجد الجامعة، فليراجعها من شاء، فإن فيها تحقيقا لكثير من المسائل المتعلقة بصلاة الجمعة، وكأنه لما سبق ذكره حكم بعض الأئمة على هذا الحديث بالبطلان، فقال الحافظ ابن حجر في " فتح الباري " (2/341) : سنده واه؛ قال النووي في الخلاصة: إنه حديث باطل

وقال ابن القيم في " زاد المعاد " (1/170)

هذا الحديث فيه عدة بلايا، ثم أطال في بيان ذلك بما خلاصته ما نقلناه عن البوصيري من العلل الأربع، ومن العجيب أن يخفى ذلك على الحافظ الهيثمي، فإنه قال في " المجمع " (2/195)

رواه الطبراني في " الكبير "، وفيه الحجاج بن أرطاة وعطية العوفي وكلاهما فيه كلام، ففاته ذكر العلتين الأخريين، لا سيما التي سببها مبشر بن عبيد الكذاب الوضاع، ثم تلطف جدا في تضعيف الحجاج وعطية، فأوهم أن الضعف في إسناد الحديث يسير، وليس بشديد، فكان من نتائج ذلك أن جاء من بعده صاحب " جمع الفوائد " فلخص كلام الهيثمي بقوله فيه (1/268)

للكبير بلين!، فأفصح بذلك عما يدل عليه كلام الهيثمي مما أشرنا إليه من الضعف اليسير، وذلك خطأ منه جر إلى خطأ أوضح بسبب التقليد، وعدم الرجوع في التحقيق إلى الأصول، وإلى أقوال الأئمة الفحول، والله المستعان

وأما قول المناوي في " فيض القدير " بعد أن نقل عن الحافظين العراقي وابن حجر أنهما قالا في حديث ابن ماجه: سنده ضعيف جدا، وبعد أن بين وجه ذلك بنحو ما سبق، قال متعقبا على السيوطي

قد أساء التصرف حيث عدل لهذا الطريق المعلول، واقتصر عليه، مع وروده من طريق مقبول، فقد رواه الخلعي في فوائده من حديث علي كرم الله وجهه، قال الحافظ الزين العراقي: إسناده جيد

فأقول: إنني في شك من ثبوت ذلك عن علي، وإن كان العراقي قد تابعه على هذا القول تلميذه البوصيري، وقد وجدت في كلام هذا ما فتح الطريق علي لتحقيق شكي المشار

إليه، فقد قال في " الزوائد (ق 72/1) بعد أن أعل إسناد ابن ماجه على ما نقلته عنه رواه أبو الحسن الخلعي في " فوائده " بإسناد جيد، من طريق أبي إسحاق عن عاصم عن علي عن النبي صلى الله عليه وسلم، وهكذا قال أبو زرعة في " شرح التقريب " (3/42) ، والظاهر أن البوصيري نقله عنه
قلت: والمعروف من هذه الطريق عن علي بلفظ
" كان يصلي قبل الظهر أربع ركعات "، هكذا أخرجه أحمد وغيره، فهو المحفوظ والله أعلم
ولئن صح ما عند الخلعي فهو محمول على ما قبل الأذان وصعود النبي صلى الله عليه وسلم على المنبر لفقدان المحل كما تقدم بيانه، والله ولي التوفيق
وكتاب الخلعي المذكور منه أجزاء مخطوطة في المكتبة الظاهرية، وليس في شيء منها هذا الحديث لننظر في إسناده، ثم وقفت عليه عند غيره، فتأكدت مما ذهبت إليه هنا أنه غير معروف، فانظر الحديث الآتي برقم (5290) إن شاء الله تعالى، وقد روي الحديث عن ابن مسعود أيضا، وسنده ضعيف منكر، كما يأتي بيانه بلفظ: " كان يصلي قبل الجمعة أربعا.... ". رقم (1016)

বাংলা

১০০১। তিনি জুম’আর আগে ও পরে চার রাক’য়াত করে সালাত আদায় করতেন। সেগুলোকে (মধ্যখানে সালামের দ্বারা) পৃথক করে পড়তেন না।

হাদীসটি বাতিল।

এটি ত্ববরানী “আলমুজামুল কাবীর” (৩/১৭২/১) গ্রন্থে বাকিয়্যাহ ইবনুল ওয়ালীদ হতে, তিনি মুবাশশির ইবনু ওবায়েদ হতে, তিনি হাজ্জাজ ইবনু আরতাত হতে, তিনি আতিয়্যাহ আল-আওফী হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন। হাদীসটিকে ইবনু মাজাহ তার “সুনান” (১/৩৪৭) গ্রন্থে উক্ত সূত্রেই বর্ণনা করেছেন। তবে তিনি وبعدها أربعا ’জুম’আর পরে চার রাকয়াত’ এ অংশটুকু ছাড়া বর্ণনা করেছেন।

যায়লাঈ "নাসবুর রায়াহ" (২/২০৬) গ্রন্থে বলেনঃ তার সনদটি খুবই দুর্বল। মুবাশশির ইবনু ওবায়েদকে হাদীস জালকারীদের মধ্যে গণ্য করা হয়। আর হাজ্জাজ ও আতিয়্যাহ তারা উভয়েই দুর্বল।

বুসয়রী "আয-যাওয়াইদ" (কাফ ৭২/১) গ্রন্থে বলেনঃ এ সনদটিতে ধারাবাহিকভাবে দুর্বল বর্ণনাকারী রয়েছে। আতিয়্যার দুর্বল হওয়ার ব্যাপারে সকলে একমত। হাজ্জাজ মুদাল্লিস। মুবাশশির ইবনু ওবায়েদ মিথ্যুক। বাকিয়্যাহ ইবনুল ওয়ালীদ তাদলীসুত তাসবিয়াহ করতেন।

[বিশেষ দ্রষ্টব্যঃ তাদলীসুত তাসবিয়া হচ্ছে, রাবী (বর্ণনাকারী) কর্তৃক এমন এক দুর্বল বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা করা, সনদে যার অবস্থান এমন দুই নির্ভরযোগ্য বর্ণনাকারীর মাঝে যারা একে অপরের সাথে মিলিত হয়েছে। অতঃপর রাবী কর্তৃক সেই দুর্বল বর্ণনাকারীকে রহিত করে দিয়ে তার নির্ভরযোগ্য শায়খের মাধ্যমে অপর নির্ভরযোগ্য হতে বর্ণনা করা। (অথচ ন্যায়পরায়ণতার পরিচয় দিয়ে উভয়ের মাঝের দুর্বল বর্ণনাকারীকে উল্লেখ করা উচিত ছিল)। এটি সবাপেক্ষা নিকৃষ্টতম তাদলীস। (অনুবাদক)]

হাফিয ইবনু হাজার “ফাতহুল বারী” (২/৩৪১) গ্রন্থে বলেনঃ হাদীসটির সনদ খুবই দুর্বল। ইমাম নাবাবী “আল-খুলাসাহ” গ্রন্থে বলেনঃ এ হাদীসটি বাতিল। ইবনুল কাইয়্যিম "যাদুল মায়াদ" (১/১৭০) গ্রন্থে বলেনঃ এ হাদীসটিতে কতিপয় বিপদ রয়েছে। অতঃপর তিনি বিস্তারিত আলোচনা করেছেন। যার সার সংক্ষেপ হচ্ছে বুসয়রী কর্তৃক বর্ণনাকৃত উপরোল্লিখিত সনদের চারটি সমস্যা। অথচ আশ্চর্যের ব্যাপার এই যে, হাফিয হায়সামীর নিকট চারটি সমস্যার দুটিই লুক্কায়িত রয়ে গেছে। তিনি “আল-মাজমা" (২/১৯৫) গ্রন্থে বলেনঃ হাদীসটি তৃবারানী “আল-কাবীর” গ্রন্থে উল্লেখ করেছেন। তার সনদে হাজ্জাজ ও আতিয়্যাহ রয়েছেন। তাদের দু’জনের ব্যাপারে সমালোচনা রয়েছে।

বুসয়রী "আয-যাওয়ায়েদ" (কাফ ৭২/১) গ্রন্থে বলেনঃ আবুল হাসান আল-খেলাঈ “আল-ফাওয়াইদ” গ্রন্থে আবু ইসহাক সূত্রে আসেম ইবনু যামারাহ হতে, তিনি আলী হতে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে ভাল সনদে হাদীসটি বর্ণনা করেছেন। আবু যুরয়াহ "শারহুত তাকরব" (৩/৪২) গ্রন্থে এরূপ কথাই বলেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সূত্রে আলী (রাঃ) হতে নিম্নের বাক্যে হাদীসটি প্রসিদ্ধঃ

كان يصلي قبل الظهر أربع ركعات

তিনি যোহরের (ফরয) সালাতের পূর্বে চার রাকাআত সালাত আদায় করতেন।

ইমাম আহমাদ প্রমুখ এরূপই বর্ণনা করেছেন। এটিই নিরাপদ (সঠিক)।

আল-মাকতাবাতুয যাহেরিয়াতে খেলাঈর উক্ত কিতাবটির কতিপয় খণ্ড রয়েছে। সেগুলোর মধ্যে এ হাদীসটি নেই। থাকলে তার সনদে দৃষ্টি দেয়া যেত।

অতঃপর আমি অন্যের নিকট হাদীসটির সনদ সম্পর্কে অবহিত হয়েছি। ফলে আমি তা দ্বারা এ দৃঢ়তায় পৌঁছেছি যে, এ সনদের হাদীসটি প্রসিদ্ধ নয়। (৫২৯০) নম্বর হাদীস দেখুন।

হাদীসটি ইবনু মাসউদ হতেও বর্ণিত হয়েছে। কিন্তু তার সনদটি দুর্বল ও মুনকার। যেমনটি ১০১৬ নম্বর হাদীসের আলোচনায় আসবে ইনশাআল্লাহ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71880

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন